**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 13.07.2026** **Time: 1-40 PM**

**Editor : Priya B.** **Compile. & NRT : Priya B.**

**DEO: KB**

*************************************************************************

সমাজবিরোধী কার্যকলাপ ও সংগঠিত অপরাধ ঠেকাতে পশ্চিমবঙ্গে দুটি আইন আজ থেকে কার্যকর হয়েছে। গত ২৯ জুন রাজ্য বিধানসভায় পশ্চিমবঙ্গ জন নিরাপত্তা ও সমাজবিরোধী কার্যকলাপ নিয়ন্ত্রণ আইন এবং পশ্চিমবঙ্গ জনশৃঙ্খলা রক্ষা সংশোধনী আইন পাশ হয়। রাজ্যপাল আর এন রবির সম্মতি মেলায়, বিল দুটি এখন আইনে পরিণত হয়েছে।

পশ্চিমবঙ্গ জন নিরাপত্তা ও সমাজবিরোধী কার্যকলাপ নিয়ন্ত্রণ আইনে বলা হয়েছে, কোনও ব্যক্তি সমাজবিরোধী কাজের চক্রান্ত করলে বা ভবিষ্যতে তার এমন কাজে জড়িয়ে পড়ার আশঙ্কা থাকলে, অপরাধ ঘটানোর আগেই তাকে 'প্রিভেন্টিভ বা প্রতিরোধমূলক গ্রেপ্তারি'র সংস্থান রয়েছে। এক্ষেত্রে তাকে সর্বোচ্চ এক বছর পর্যন্ত আটক রাখা যেতে পারে। এই নির্দেশ জারি করতে পারবেন রাজ্য সরকার, পুলিশ কমিশনার, জেলা ম্যাজিস্ট্রেট অথবা সরকার মনোনীত ডিআইজি পদমর্যাদার কোনও পুলিশ আধিকারিক।

অন্যদিকে, পশ্চিমবঙ্গ জনশৃঙ্খলা রক্ষা সংশোধনী আইনে সরকারি সম্পত্তি ভাঙচুর, সমাজবিরোধী কার্যকলাপ, দাঙ্গা, পুলিশের উপর হামলা কিংবা সংগঠিত অপরাধের বিরুদ্ধে দ্রুত ও কঠোর ব্যবস্থা গ্রহণের বিধান রয়েছে। এর অধীনে একটি বিশেষ ক্লেইম কমিশন গঠন করা হবে। বিক্ষোভ বা হিংসাত্মক আন্দোলনের জেরে ক্ষয়ক্ষতি হলে সম্পূর্ণ ক্ষতিপূরণ দোষীদের কাছ থেকে আদায় করবে এই কমিশন।

এদিকে, রাজ্যের গুন্ডা দমন আইনের ওপর স্থগিতাদেশ চেয়ে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছেন আইনজীবী সব্যসাচী চট্টোপাধ্যায়। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি পার্থ সারথি চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ মামলা দায়ের করার অনুমতি দিয়েছে। তবে জরুরি ভিত্তিতে নয়, মামলার শুনানি তালিকা অনুযায়ী গ্রহণ করা হবে বলে জানিয়েছে আদালত। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, রাজ্যে আইনের শাসন প্রতিষ্ঠায় এই আইন প্রয়োজন ছিল।

( বাইট- শুভেন্দু/ গুন্ডা দমন )

***************************

রাজ্যসভা উপনির্বাচনে, বিজেপির তিন মনোনীত প্রার্থী সুখেন্দু শেখর রায়, প্রকাশ চিক বরাইক এবং সুস্মিতা দেব, আজ তাঁদের মনোনয়ন জমা দিয়েছেন। বিধানসভা ভবনে রাজ্যসভা নির্বাচনের রিটার্নিং অফিসার সৌমেন্দ্রনাথ দাসের হাতে মনোনয়ন পত্র তুলে দেন তাঁরা। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবং বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন, ১৭'ই জুলাই।

উল্লেখ্য, রাজ্যসভায় তৃণমূল কংগ্রেসের সাংসদ পদ থেকে ইস্তফা দেবার পর গত বৃহস্পতিবার বিজেপিতে যোগদান করেন এই তিন জন।

মনোনয়ন জমা দেওয়ার পর **সুস্মিতা দেব বলেন,** ডাবল ইঞ্জিন সরকারের সঙ্গে তাল মিলিয়ে সংসদে জনগণের স্বার্থে কাজ করতে ইচ্ছুক তিনি।

( বাইট- সুস্মিতা দেব )

***************************

রাজ্যে, শিল্পে বিনিয়োগ, জমি নীতি সহ বিভিন্ন বিষয় আলোচনা করতে শিল্প ও বিনিয়োগ সংক্রান্ত মন্ত্রী গোষ্ঠী, আজ বৈঠকে বসেছে। শিল্পমন্ত্রী তাপস রায় এই বৈঠকে সভাপতিত্ব করছেন। রাজ্যে নতুন বিজেপি সরকার আসার পর শিল্প মন্ত্রীর

নেতৃত্বে এই বিষয়ে মন্ত্রিগোষ্ঠী গঠন করা হয়। এতে অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত, উচ্চ শিক্ষামন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায়, পর্যটন মন্ত্রী শংকর ঘোষ, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল ছাড়াও শ্রম মন্ত্রী অর্জুন সিং রয়েছেন।

***************************

ধর্মতলার ভিক্টোরিয়া হাউসের সামনে একুশে জুলাই-এর শহীদ সমাবেশ পালনের অনুমতি সংক্রান্ত মামলার দ্রুত শুনানির আবেদন জানিয়ে আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায়, বিচারপতি সৌগত ভট্টাচার্যের দৃষ্টি আকর্ষণ করেছেন। আগামী বুধবার শুনানির আশ্বাস দিয়েছেন বিচারপতি।

উল্লেখ্য, ওই জায়গায় সভা করার জন্য পুলিশ অনুমতি না মেলায়, মমতা ব্যানার্জীপন্থী তৃণমূল কংগ্রেস, কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়।

***************************

ভোট পরবর্তী সন্ত্রাস, লটারির টাকা প্রতারণা সহ একাধিক অভিযোগে উত্তর ২৪ পরগণার পানিহাটির প্রাক্তন তৃণমূল কংগ্রেস বিধায়ক নির্মল ঘোষের ছেলে তীর্থঙ্কর ঘোষকে গ্রেপ্তার করেছে পুলিশ। দক্ষিণেশ্বর এলাকা থেকে গতরাতে পুলিশ তাকে পাকড়াও করে। আজ তাকে ব্যারাকপুর আদালতে তোলা হচ্ছে। এবছর বিধানসভা নির্বাচনে পানিহাটি থেকে তৃণমূল কংগ্রেসের প্রার্থী হয়েছিলেন তিনি।

২০২১ সালে ভোট পরবর্তী হিংসায় বীরভূমের খয়রাশোল ব্লকের তৃণমূল কংগ্রেসের অঞ্চল সভাপতি শঙ্কর গড়াইকে গ্রেপ্তার করেছে পুলিশ। অন্যদিকে, তোলাবাজি, মারধোর, ভীতি প্রদর্শন সহ একাধিক অভিযোগে হুগলীর সিঙ্গুর থানার পুলিশ, পাঁচ তৃণমূল কংগ্রেস নেতাকে গ্রেপ্তার করেছে। এদের মধ্যে রয়েছেন, বোরাই পহলামপুর পঞ্চায়েতের উপপ্রধান।

***************************

উত্তর দমদমে বেলঘড়িয়া এক্সপ্রেসওয়ের ধার থেকে কুখ্যাত দুষ্কৃতি রাজা দত্ত-র রক্তাক্ত দেহ উদ্ধার হয়েছে। খলিসাকোটা এলাকায় আজ ভোররাতে রাজা এবং তার সঙ্গীদের লক্ষ্য করে কয়েকজন দুষ্কৃতী গুলি চালায়। রাজাকে খুব কাছ থেকে গুলি করে পালায় তারা। পরে পুলিশ এসে রাজা এবং তার দুই সঙ্গীকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা রাজাকে মৃত ঘোষণা করেন। বাকি দুজন আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন। গোষ্ঠী সংঘর্ষের জেরে এই ঘটনা বলে পুলিশের প্রাথমিক অনুমান।

**************************

নেপালি ভাষার মহাকবি ভানুভক্ত-এর ২১৩-তম জন্মদিনে, তাঁকে সশ্রদ্ধ চিত্তে স্মরণ করা হচ্ছে। রাজ্য প্রশাসন, নেপালি ভাষার আদিকবির জন্ম জয়ন্তী উপলক্ষ্যে নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বিধানসভা ভবনে এই উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে, তাঁর প্রতি শ্রদ্ধা জানান।

**************************

মোহনবাগান সুপার জায়ান্ট, কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে আজ তাদের প্রথম ম্যাচে পাঠ চক্রের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে বিকেল সাড়ে চারটেয়।

*****************************************************************